

মহাভারতের চরিতাবলি বিদুর

অ্যাডমিনিস্ট্রেটর জানে কোনওকিছু করে - তোলা কতটা কঠিন  
 প্রশাসক জানে কত প্রো - অ্যাকটিভ সরকার ব্যর্থতায় নষ্ট হয়ে যায়  
 কোনওকিছু বদলানো, 'বদলাব' বলে  
 কতটা অসম্ভব...সত্যি কথা বলে, কারও চোখে ধুলো না - উড়িয়ে, ধীরে  
 মানুষকে তার নিজ সততার মুখোমুখি আনা  
 কতটা পরিশ্রমসাপ্য, সেটা প্রশাসক জানে

কিন্তু প্রশাসক হল অসহায়, ব্রীড়নক, মধ্যস্থত্বভোগী  
 কিন্তু প্রশাসক হল দুষ্টু নায়েব সেই অত্যাচারী দাস - প্রভুটির  
 কিন্তু প্রশাসক হল কর্তাভজা লোক  
 কিন্তু প্রশাসক হল ম্যানেজমেন্টের  
 হাত - ধরা লোক

প্রশাসক ঝ্বাসযোগ্য নয় এটা এত বেশি প্রমাণিত  
 যে বিদুর আজকাল নিজেই নিজেকে ঠিক ঝ্বাস করে না

যুদ্ধ থামানোর জন্য যথোচিত চেষ্টা করে, অসংখ্য ট্রিটি সই হলে  
 মাথা নেড়ে প্রেসকে ডেকে বলে দেয়ে যুদ্ধ কত অনিবার্য ছিল

যশোধরা রায় চৌধুরী

